**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**উপজেলা নির্বাচন অফিসার**
**ও**
**রেজিস্ট্রেশন অফিসারের কার্যালয়**
**যশোর সদর, যশোর।**
**www.ec.sadar.jessore.gov.bd**

**বিজ্ঞপ্তি**

ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৭(২) এবং ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি ১৪(১) অনুসারে আমি মোঃ কবির উদ্দিন, উপজেলা নির্বাচন অফিসার, যশোর সদর, যশোর ও রেজিস্ট্রেশন অফিসার এতদ্বারা যশোর জেলার যশোর সদর উপজেলার হৈবতপুর, লেবুতলা, ইছালী, নওয়াপাড়া, উপশহর, কাশিমপুর, চুড়ামনকাটি, দেয়াড়া, আরবপুর, চাঁচড়া, রামনগর, ফতেপুর, কচুয়া, নরেন্দ্রপুর ও বসুন্দিয়া ইউনিয়ন ও যশোর পৌরসভার ০১, ০২, ০৩, ০৪, ০৫, ০৬, ০৭, ০৮ ও ০৯ নম্বর ওয়ার্ড এবং যশোর ক্যান্টনমেন্ট এর ভোটার এলাকাসমূহের/তালিকায় উল্লিখিত এলাকাসমূহের হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রকাশ করিতেছি।

২। উক্ত ভোটার তালিকায় নাম অন্তর্ভূক্তির দাবী অথবা অন্তর্ভূক্তির বিরুদ্ধে আপত্তি অথবা অন্তর্ভূক্তির বিষয় সম্পর্কে সংশোধনী দরখাস্ত অত্র বিজ্ঞপ্তি প্রকাশনার তারিখ হইতে পরবর্তী ১৬ (ষোল) দিন অর্থাৎ আগামী ২৪ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে আমার কার্যালয় (উপজেলা নির্বাচন অফিস, যশোর সদর, যশোর) অথবা সংশোধনকারী কর্তৃপক্ষ এর কার্যালয় ব্যক্তিগতভাবে অথবা ডাকযোগে দাখিল করিতে হইবে।

**টিকাঃ অফিস সময়ে আমার কার্যালয়ে অথবা সংশ্লিষ্ট যশোর ক্যান্টনমেন্ট এবং পৌরসভা/ইউনিয়ন পরিষদ কার্যালয়ে হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা দেখা যাইবে।**

স্থানঃ উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়
যশোর সদর, যশোর।
তারিখঃ ০৯ আগস্ট ২০২৬।

(মোঃ কবির উদ্দিন)
উপজেলা নির্বাচন অফিসার
যশোর সদর, যশোর
ও
রেজিস্ট্রেশন অফিসার।
☏০২৪৭-৭৭৬১২১৮

নং- ১৭.০৫.৪১৪৭.০০০.৩২.০০১.২৫.১১৮ তারিখঃ ০৯ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

০১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
০৪। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, যশোর ও সংশোধনকারী কর্তৃপক্ষ।
০৫। এক্সিকিউটিভ অফিসার, যশোর ক্যান্টনমেন্ট, যশোর ও সংশোধনকারী কর্তৃপক্ষ।
০৬। প্রশাসক, যশোর পৌরসভা, যশোর।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর।
০৮। প্রশাসক/চেয়ারম্যান, ........................ ইউনিয়ন পরিষদ (সকল) যশোর সদর, যশোর।
০৯। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, যশোর।
১০। নোটিশ বোর্ড।

উপজেলা নির্বাচন অফিসার
যশোর সদর, যশোর
ও
রেজিস্ট্রেশন অফিসার।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**উপজেলা নির্বাচন অফিসার**
**ও**
**রেজিস্ট্রেশন অফিসারের কার্যালয়**
**যশোর সদর, যশোর।**
**www.ec.sadar.jessore.gov.bd**

নং- ১৭.০৫.৪১৪৭.০০০.৩২.০০১.২৫.১১৯ তারিখঃ ০৯ আগস্ট ২০২৬

বিষয়ঃ সর্বসাধারণের পরিদর্শনের জন্য হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রেরণ।
সূত্রঃ নং-১৭.০০.০০০০.০২৬.৩২.০২৪.২২.১৬৯, তারিখঃ ০৯ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি ১৪ হতে ২৫ অনুসরণপূর্বক হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রকাশ থেকে শুরু করে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের জন্য মাননীয় নির্বাচন কমিশন নিম্নবর্ণিত সময়সূচি নির্ধারণ করেছেঃ

**সময়সূচি**

| ক্রম | বিবরণ | | সময়সূচী |
|---|---|---|---|
| (১) | হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা মুদ্রণপূর্বক প্রকাশ | : | ০৯ আগস্ট ২০২৬ |
| (২) | দাবী, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন দাখিল এর শেষ তারিখ | : | ২৪ আগস্ট ২০২৬ |
| (৩) | সংশোধনকারী কর্তৃপক্ষ কর্তৃক দাবী, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনসমূহ নিষ্পত্তির শেষ তারিখ | : | ২৭ আগস্ট ২০২৬ |
| (৪) | দাবী, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশ | : | ২৮ আগস্ট ২০২৬ |
| (৫) | হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | : | ৩১ আগস্ট ২০২৬ |

হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা সর্বসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্ত রাখা প্রয়োজন। এ প্রেক্ষিতে যশোর ক্যান্টনমেন্ট এবং পৌরসভা/ইউনিয়ন পরিষদে ০১ সেট খসড়া ভোটার তালিকা (পুরুষ ও মহিলা) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার কার্যালয়ে প্রেরণ করা হলো। প্রেরণকৃত খসড়া ভোটার তালিকা ২৫ আগস্ট ২০২৬ তারিখ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ফেরত প্রদানের জন্যও অনুরোধ করা হলো।

**বিঃ দ্রঃ- হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা ছবি সম্বলিত হওয়ায় কোন প্রকার চিহ্ন প্রদান, কাটাকাটি ও ফটোকপি না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।**

সংযুক্তিঃ বর্ণনামতে।

০৯/০৮/২০২৬
(মোঃ কবির উদ্দিন)
উপজেলা নির্বাচন অফিসার
যশোর সদর, যশোর
ও
রেজিস্ট্রেশন অফিসার।
☏০২৪৭-৭৭৬১২১৮
০৯/০৮/২৬

প্রাপকঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
০১। এক্সিকিউটিভ অফিসার
যশোর ক্যান্টনমেন্ট, যশোর।
০২। প্রশাসক/চেয়ারম্যান
.................. পৌরসভা/ইউনিয়ন পরিষদ
যশোর সদর, যশোর

নং- ১৭.০৫.৪১৪৭.০০০.৩২.০০১.২৫.১১৯ তারিখঃ ০৯ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
০১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
০৪। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, যশোর ও সংশোধনকারী কর্তৃপক্ষ।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর।

০৯/০৮/২০২৬
উপজেলা নির্বাচন অফিসার
যশোর সদর, যশোর।
০৯/০৮/২৬

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**উপজেলা নির্বাচন অফিসার**
**ও**
**রেজিস্ট্রেশন অফিসারের কার্যালয়**
**যশোর সদর, যশোর।**
**www.ec.sadar.jessore.gov.bd**

## প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন প্রদান করা যাচ্ছে যে, যশোর জেলার যশোর সদর উপজেলার ১৫ (পনের) টি ইউনিয়ন, ০১ (এক) টি পৌরসভা এবং ০১ (এক) টি ক্যান্টনমেন্ট এর ভোটার এলাকাসমূহের হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা নির্বাচন কমিশন সচিবালয়ের নির্দেশনা এবং ভোটার তালিকা আইন ও বিধি মোতাবেক অদ্য ০৯ আগস্ট ২০২৬ তারিখ যথাসময়ে প্রকাশ করা হয়েছে।

০৯/০৮/০২৬

(মোঃ কাবির উদ্দিন)
উপজেলা নির্বাচন অফিসার
যশোর সদর, যশোর
ও
রেজিস্ট্রেশন অফিসার।
☏০২৪৭-৭৭৬১২১৮
০৯/০৮/২৬

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**উপজেলা নির্বাচন অফিসার**
**ও**
**রেজিস্ট্রেশন অফিসারের কার্যালয়**
**যশোর সদর, যশোর।**
**www.ec.sadar.jessore.gov.bd**

নং- ১৭.০৫.৪১৪৭.০০০.৩২.০০১.২৫.১২০ তারিখঃ ০৯ আগস্ট ২০২৬

বিষয়ঃ হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা জনসাধারণের পরিদর্শনের জন্য আহবান জানিয়ে ব্যাপক প্রচার-প্রচারণা প্রসঙ্গে।

সূত্রঃ নং-১৭.০০.০০০০.০২৬.৩২.০২৪.২২.১৬৯, তারিখঃ ০৯ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোটার তালিকা ডাটাবেইজে অন্তর্ভুক্ত ৩১ জুলাই ২০০৮ তারিখ পর্যন্ত যাদের জন্ম এমন নিবন্ধিত নাগরিককে চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে খসড়া ভোটার তালিকা ০৯ আগস্ট ২০২৬ তারিখ প্রকাশ করা হয়েছে। প্রকাশিত খসড়া ভোটার তালিকা সংশ্লিষ্ট ক্যান্টনমেন্ট ও পৌরসভা/ইউনিয়ন পরিষদ এবং উপজেলা নির্বাচন অফিস, যশোর সদর, যশোর এ থেকে দেখা যাবে। ভোটার হওয়ার যোগ্য কোন ব্যক্তি যদি বাদ পড়ে থাকে, তালিকায় অন্তর্ভূক্ত কোন ব্যক্তির বিরুদ্ধে যদি আপত্তি থাকে, কোন ভোটারের তথ্য যদি ভুল হয়ে থাকে অথবা যদি ভোটার স্থানান্তরের প্রয়োজন হয়, তবে ২৪ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে উপজেলা নির্বাচন অফিস, যশোর সদর, যশোর এ আবেদনপত্র দাখিল করতে হবে।

এমতাবস্থায়, জনগুরুত্বপূর্ণ এ বিষয়টি ব্যাপক প্রচার প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৯/০৮/২৬

(মোঃ কবির উদ্দিন)
উপজেলা নির্বাচন অফিসার
যশোর সদর, যশোর
ও
রেজিস্ট্রেশন অফিসার।
☏০২৪৭-৭৭৬১২১৮

প্রাপকঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। এক্সিকিউটিভ অফিসার
যশোর ক্যান্টনমেন্ট, যশোর।

০২। প্রশাসক/চেয়ারম্যান
.................. পৌরসভা/ইউনিয়ন পরিষদ
যশোর সদর, যশোর।

নং- ১৭.০৫.৪১৪৭.০০০.৩২.০০১.২৫.১২০ তারিখঃ ০৯ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
০৩। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, যশোর ও সংশোধনকারী কর্তৃপক্ষ।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর।
০৫। অফিস কপি।

০৯/০৮/২৬

উপজেলা নির্বাচন অফিসার
যশোর সদর, যশোর।